

## টেলিহেলথ সম্পর্কিত তথ্যসহায়িকা

নিচের তথ্যগুলো একটি ইন্টারনেট ভিত্তিক প্রযুক্তির মাধ্যমে ভিডিও সাক্ষাৎকার প্রক্রিয়ার সাথে সম্পর্কিত। অনুগ্রহ করে নির্দেশিকাটি ভালোভাবে পড়ুন এবং কোনো প্রশ্ন থাকলে জিজ্ঞেস করুন। এই নির্দেশিকাটি পড়ে আপনি সম্মত হলে এটি পারস্পরিক সম্মতিপত্র হিসাবে পরিগণিত হবে। জুম্ হচ্ছে অনলাইন ভিডিও কনফারেন্স করার একটা প্রযুক্তি। এটা একটা ফ্রি সেবা। ইমেইলের মাধ্যমে আমাদের পাঠানো লিংকের মাধ্যমে আপনি জুম্ এ যুক্ত হতে পারবেন।

### **জুম্ এ যুক্ত হতে কি কি দরকার:**

- জুম্ ব্যবহারের মাধ্যমে আমরা একে অপরকে দেখার জন্য আপনার ওয়াইফাই বা ডাটাসহ একটা ক্যামেরাযুক্ত কম্পিউটার প্রয়োজন হবে। আমরা আপনার সাথে আলোচনা করেই সাক্ষাৎকারের ব্যাপারটি নির্ধারণ করবো। যেকোনো টেকনিক্যাল সমস্যায় সহায়তা দেয়ার জন্য একজন গবেষণা সহকারী আপনাকে সাহায্য করবেন। যেকোনো টেকনিক্যাল সমস্যায় সহায়তা দেয়ার জন্য একজন গবেষণা সহকারী আপনাকে সাহায্য করবেন। গবেষণা সহকারী আপনাকে কিভাবে এই প্রক্রিয়াটি সম্পন্ন করবেন তা বর্ণনা করবেন।
- আমরা আপনাকে অনলাইন প্রশ্নগুলোর জন্য একটা লিংক পাঠাবো। আবারো গবেষণা সহকারী আপনাকে কিভাবে এই প্রক্রিয়াটি সম্পন্ন করবেন তা বর্ণনা করবেন।
- অনুগ্রহ করে আপনি আমাদেরকে আপনার ঘনিষ্ঠ কারো সাথে যোগাযোগ করার জন্য যাবতীয় তথ্যাদি প্রদান করুন। কারণ সাক্ষাৎকার চলাকালীন যেকোনো প্রয়োজনে যাতে আপনাকে সাহায্য করতে পারেন।

### **রেকর্ডিং**

টেলি সাইকোলজির পর্বগুলো কোনোভাবেই রেকর্ড করা যাবে না।

### **নিরাপত্তা**

ওটাগো বিশ্ববিদ্যালয় তার নিজস্ব জুম্ প্যাকেজের মাধ্যমে পাসওয়ার্ডসহ যাবতীয় নিরাপত্তা ব্যবস্থার মাধ্যমে কারা কারা সংযুক্ত হতে পারবে তা নিয়ন্ত্রণ করবে।

### **টেলিহেলথের সুফল এবং ঝুঁকি সমূহ:**

টেলিহেলথ দূরবর্তী অবস্থান থেকে যেকোনো স্বাস্থ্যগত মূল্যায়ণ এবং সেবা ভিডিও কনফারেন্সের মাধ্যমে দিয়ে থাকে। টেলিহেলথের অনেকগুলো সুবিধার মধ্যে অন্যতম হচ্ছে বাস্তবে নৈকট্যে না

থেকেও সাক্ষাৎকারগ্রহণ এবং প্রদানকারী উভয়ই যুক্ত থাকতে পারেন। যদিও টেলিহেলথ ব্যবহার করার জন্য সাক্ষাৎকার গ্রহণ ও প্রদানকারী উভয়েরই এই সংক্রান্ত যান্ত্রিক জ্ঞান থাকা আবশ্যিক। যদিও টেলিহেলথের অনেকগুলো সুফল আছে, এর কিছু ঝুঁকিও আছে যা নিচে বর্ণনা করা হলো:

- **তথ্য গোপনীয় না থাকার ঝুঁকি:** যেহেতু টেলিহেলথের মাধ্যমে সাক্ষাৎকারগুলো সুনির্দৃষ্ট কোনো স্থানে হয়না, সেহেতু সাক্ষাৎকার সম্পর্কিত বিষয়াদি অন্যরা অজ্ঞাতে শুনে ফেলার সম্ভাবনা থাকে। তাই সাক্ষাৎকার চলাকালীন সময়ের জন্য এমন স্থান বেছে নেয়া দরকার যেখানে অন্য কেউ গোপনীয়তা রক্ষায় ব্যাঘাত ঘটাতে পারবে না (বিশেষ করে বাচ্চারা)। আমাদের দিক থেকে আমরা গোপনীয়তা রক্ষার জন্য হেডফোন ব্যবহার ও ব্যক্তিগত স্থানে সাক্ষাৎকারগ্রহণসহ যাবতীয় পদক্ষেপ গ্রহণ করবো।

- **প্রযুক্তিগত সমস্যাসমূহ:** প্রযুক্তিগত সমস্যাসমূহ নানাভাবে টেলিহেলথকে প্রভাবিত করতে পারে। এর মধ্যে প্রতিনিয়ত ঘটা প্রযুক্তিগত সমস্যা হচ্ছে অনলাইনে চলাকালীন আলোচনা হঠাৎ বন্ধ হয়ে যাওয়া। এই ক্ষেত্রে, আমরা আপনাকে কল করে কিভাবে উদ্ভূত সমস্যা সমাধান করা যায় সেই নির্দেশনা দিবো। প্রয়োজনবোধে আমরা সাক্ষাৎকার গ্রহণ স্থগিত করবো।

- **গোপনীয়তা, সংকট মোকাবেলা এবং হস্তক্ষেপ:** আপনার প্রদানকৃত সমস্ত তথ্য গোপন রাখা হবে এবং আপনার প্রদানকৃত কোনো তথ্য গবেষণা দলের বাইরে অন্য কারো সাথে আলোচনা করা হবে না। এর একমাত্র ব্যত্যয় হবে, আমরা যখন দেখবো আপনি কোনো ঝুঁকিতে পড়ছেন বা অন্য কেউ আপনার দ্বারা ঝুঁকিতে পড়তে যাচ্ছেন। তখন কোনো সাহায্যের নিমিত্তে আলোচনার জন্য প্রয়োজন হলেই কেবল তথ্যের গোপনীয়তা ভঙ্গ হবে। এমন পরিস্থিতির উদ্ভব হলে, আমরা সহায়তার জন্য আপনার মনোনীত ব্যক্তির সাথে যোগাযোগ করবো। গোপনীয়তার এই ব্যতিক্রম কারণ সংক্রান্ত কোনো প্রশ্ন থাকলে আমাদের বলতে পারেন।